

## 2711 - এক মুদ্রাকে অন্য মুদ্রায় রূপান্তর করে অর্থ প্রেরণ

### প্রশ্ন

এক মুদ্রাকে অন্য মুদ্রায় রূপান্তর করে অর্থ প্রেরণের বিধান কী? উদাহরণতঃ আমি সৌদি রিয়ালে বেতন পাই। কিন্তু আমি যখন দেশে অর্থ প্রেরণ করি তখন সুদানি রিয়ালে প্রেরণ করি। উল্লেখ্য, সৌদি ১ রিয়াল সুদানি ৩ রিয়ালের সমান – এটা কি সুদ হবে?

### প্রিয় উত্তর

এক দেশের কাগজে মুদ্রাকে অন্য দেশের কাগজে মুদ্রায় রূপান্তর করে অর্থ প্রেরণ করা জায়েয। যদি এ ক্ষেত্রে মুদ্রাধরের মূল্য কমবেশি হয় তবুও জায়েয। যেহেতু বিনিময়ের মাধ্যম মুদ্রা দুটির জাত ভিন্ন ভিন্ন। যেমনটি উদাহরণ হিসেবে প্রশ্নে উল্লেখ করা হয়েছে। তবে একই আসরে হস্তান্তর নিষ্পন্ন হওয়া শর্ত। এক্ষেত্রে ব্যাংক ড্রাফট গ্রহণ অথবা অর্থ প্রেরণের রশিদ গ্রহণ- একই আসরে হস্তান্তরের পর্যায়ভুক্ত।

আল্লাহই উত্তম তাওফিকদাতা এবং আমাদের নবী মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের উপর আল্লাহর রহমত ও শান্তি বর্ষিত হোক।